ঢাকা ওয়াসা

১) ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।
২) কাজের প্রাক্কলন।

বিষয়ঃ "ঢাকা ওয়াসা এর কেন্দ্রীয় ভান্ডার বিভাগ হতে পানির লাইনের বিভিন্ন মালামাল মডস জোন-১ এর উপভান্ডার এ আনয়নের জন্য পরিবহন ব্যয় ও মালামাল গুলি গুছিয়ে রাখার জন্য লেবার সরবরাহ করণ (লট-০২)"- শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-১ আওতাধীণ ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকা যেমন- মতিঝিল, মুগদা, , সায়েদাবাদ, বাসাবো, কদমতলা, গেন্ডারিয়া, ওয়ারী, স্বামীবাগ, গোলাপবাগ, কলতাবাজার, অক্ষয়দাস রোড, আর এম দাস রোড ইত্যাদি বিভিন্ন এলাকায় সুয়্যার লাইন রয়েছে। প্রায়শঃ পানির লাইনের মেরামত ও রক্ষণাবেক্ষণ এর পাশাপাশি পাইপ, ফিটিংস ও অন্যান্য মালামালের প্রয়োজন হয় । পানির লাইন সংক্রান্ত কাজের জন্য প্রয়োজনীয় মালামাল সমূহ কেন্দ্রিয় ভান্ডার হতে উত্তোলন করে বিভাগীয় ভান্ডারে মজুদ রাখা হয়। দীর্ঘ দিন যাবৎ মজুদকৃত মালামাল সমূহ অগোছালো এবং যত্রতত্র স্থানে রাখা আছে । উক্ত মালামাল গননা করে সাজানো গোছানো দরকার । ব্যবহার উপযোগী / অনুপযোগী মালামাল লেবার দিয়ে , আলাদা করা প্রয়োজন । এটি একটি চলমান প্রক্রিয়া । সেই লক্ষে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হল (ক্রঃ নং-২)। যাহার প্রাক্কলিত টাকার পরিমান দাড়িয়েছে টাঃ ২৪,০০০/ (চব্বিশ হাজার) মাত্র। আলোচ্য কাজের ব্যায়ভার মডস জোন-১ এর ২০২৫-২০২৬ইং অর্থ বছরের বার্ষিক রাজস্ব বাজেট এর ক্রমিক নং-৫, ভান্ডার রক্ষণাবেক্ষণ খাত (কোড নং- 01-04-008) হতে নির্বাহ করা হবে। কাজ শেষে উক্ত টাকা ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

২। এমতাবস্থায়, অনুচ্ছেদ-১ হতে অনুচ্ছেদ-২ এর বর্ণনালোকে "ঢাকা ওয়াসা এর কেন্দ্রীয় ভান্ডার বিভাগ হতে পানির লাইনের বিভিন্ন মালামাল মডস জোন-১ এর উপভান্ডার এ আনয়নের জন্য পরিবহন ব্যয় ও মালামাল গুলি গুছিয়ে রাখার জন্য লেবার সরবরাহ করণ (লট-০২)." - শীর্ষক কাজটি PPR-2008 এর বিধি ৮১/১ বিধি অনুসরনে সরাসরি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদনের সম্পাদনের লক্ষ্যে- উপস্থাপিত টাঃ ২৪,০০০/ (চব্বিশ হাজার) মাত্র -এর প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

স্মা:নং-২৫ (জোন-১)
তাং-৩০/০৭/২০২৫

30/7/25
মোঃ সাকিব রায়হান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা

AE
-/7/25
মোঃ চঞ্চল মেহেদী হাসান
সহকারী প্রকৌশলী
মডস জোন-১, ঢাকা ওয়াসা।

EE
30/07/25
মোঃ আনোয়ার হোসেন
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা

SE(MODS C-2)
30/07/25
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

CE

অনুমোদিত
/08/2025

CE Sir
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা